দর্শনায় ওয়েভ ফাউন্ডেশনের উদ্যোগে ফ্রি মেডিকেল ক্যাম্প ও আলোচনা সভা

স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে ফ্রি মেডিকেল ক্যাম্প ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

ওয়েভ ফাউন্ডেশন ও পিকেএসফের উদ্যোগে আজ রবিবার বেলা ২টায় মনোহরপুর ইউনিয়নের ধোপাখালী প্রবীন কেন্দে ফ্রি মেডিকেল ক্যাম্প ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভার শুরুতেই মাদবখালী বকুল শিক্ষা সহায়তা কেন্দ্রে শিক্ষাথীরা দ্বিতীয় শ্রেনীর ছাত্রী মালিহা খাতুন কোরআন থেকে তেলাওয়াত করে। আলোচনা সভায় সভাপতিত্ব করেন বীর মুক্তিযোদ্ধা্ আশরাফ আলী।

প্রধান অতিথি হিসাবে উপস্থি ছিলেন, মনোহরপুর ইউনিয়নের চেয়ারম্যান সোহরাব হোসেন, তিনি বলেন, ১৯২০ সালে বঙ্গবন্ধু জন্ম হয় গোপালগঞ্জ জেলার টঙ্গিপাড়া গ্রামে। শিশুকাল থেকে মুজিব ছিলেন নেত্রীত্ব দেওয়ার প্রবনতা। ১৯৪৭ সাল থেকে ১৯৭১ সাল বঙ্গবন্ধু তার জীবনে বিভিন্ন আন্দোলন সংগ্রাম করে কেটেছে। ৬ দফা ১১ দফাসহ ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ সংগ্রাম করে একটি স্বাধীন বাংলাদেশ উপহার দিয়েছে। তার কন্যা জননেত্রী শেখ হাসিনা মেগা প্রকল্প, পদ্মা সেতু, পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র, কর্ণফুলি টানেল, মেট্রো রেলসহ রাস্তাঘাটের ব্যাপক উন্নয়ন করেছে। তার এ উন্নয়নে আমরা বিশ্বে কাছে পরিচিতি লাভ করেছি।

এছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্রের আর এমও মোস্তাফিজুর রহমান, ইউপি সদস্য আদিলুর রহমান, ওয়েভ ফাউন্ডেশনের প্রশিক্ষণ বিভাগের পরিচালক জাহির রায়হান ও সমৃদ্ধি কর্মসূচির সমন্বয়কারী আব্দুস শুকুর এবং মনোহরপুর ইউনিয়নের বালাই নাশক কমিটির সভাপতি রাজেদুল ইসলাম ও মনোহরপুর ইউনিয়ন কমিটির প্রবীন কমিটি সাধারণ সম্পাদক মহিউদ্দিন।

এরপর ফ্রি চিকিৎসা ক্যাম্প পরিচালনা করেন, জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্রের আর এমও মোস্তাফিজুর রহমান। তিনি এক

নাগাড়ে ৭৫জন রো্গীকে চিকিৎসা প্রদান করেন এবং সহযোগী হিসাবে ছিলেন, সহকারী মেডিকেল অফিসার সোহেল রানা। সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন, সমৃদ্ধি কর্মসূচির মনোহরপুর ইউনিয়ন সমন্বয়কারী আওয়াল হোসেন ও এসডিও আসাদুজ্জামান লিটন

মেহেরপুরে সুর সাধনার প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পুরষ্কার বিতরণ অনুষ্ঠান

‘সুর সাধনা সাংস্কতিক সংগঠন’ মেহেরপুরের ৪র্থ প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে নৃত্য ও ফ্যাশন শো তে অংশগ্রহনকৃত ১২ জন শিশুকে পুরষ্কৃত করা হয়েছে।

আজ মঙ্গলবার সন্ধার দিকে জেলা শিল্পকলা একাডেমিতে এ পুরষ্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর সাহিত্য পরিষদের সভাপতি নূরুল আহমেদ, সংগঠনের সাধারণ সম্পাদক মোছা: সাবিনা খাতুন (সাধনা) সহ অন্যান্য সদস্যবৃন্দ।

এর আগে সাদিয়া, সামিয়, রোজা, আছিয়া, তাবাচ্ছুম, খাদিজা, সাইফাসহ ১২ জন শিশুকে পুরষ্কৃত করা হয়।

মেহেরপুরে সোশ্যাল ম্যাপ

সম্পর্কিত কর্মশালা অনুষ্ঠিত

মেহেরপুরে প্রেরণা আর্থ সামাজিক উন্নয়ন সংস্থার উদ্যোগে সোশ্যাল ম্যাপ সম্পর্কিত এক কর্মশালা অনুষ্ঠিত হযয়েছে। গতকাল সোমবার (১১ মার্চ) প্রেরণা আর্থ সামাজিক উন্নয়ন সংস্থার নিজ কার্যালয়ে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

দুদিনব্যাপী চলমান কর্মশালায় সংস্থার চেয়ারম্যান প্রফেসর মোঃ হাসানুজ্জামান মালেকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দেশ বরেণ্য সমাজবিজ্ঞানী এম এ ওয়াহেদ। এ ছাড়াও উপস্থিত ছিলেন সাবেক সমাজ সেবক ও কর্মকর্তা এম এ গনি।

এসময় উপস্থিত অতিথিরা বলেন, আমাদের দেশে সরকারি, আধাসরকারি ও বেসরকারি উদ্যোগে সমাজের আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে অনেক কর্মসূচি নেওয়া হয়। এ সকল কর্মসূচি বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতার অভাব থাকে। এছাড়া নিড অ্যাসেসমেন্ট এবং সোশ্যাল ম্যাপ না থাকায় অনেক বড় উদ্যোগও সফলভাবে বাস্তবায়িত হতে পারেনা। আমাদের প্রেরণা সংস্থা এটি ক্ষুদ্র প্রতিষ্ঠান। এ সংস্থা সামাজিক উন্নয়নের লক্ষ্যে কয়েকটি ক্ষুদ্র কর্মসূচি গ্রহণ করেছে। এ সকল কর্মসূচি সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের জন্য সংস্থার কর্মী ও সদস্যদের যোগ্য ও দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে এই কর্মশালার আয়োজন করা হয়।

ইসলামী ছাত্র আন্দোলন বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার কমিটি গঠন

ইসলামী ছাত্র আন্দোলন বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার ২০২৪ সেশনের নব্য গঠিত আহ্বায়ক কমিটি গঠন ও জেলা সম্মেলন অনুষ্টিত হয়েছে।

আজ সোমবার (১১ই মাচ) দুপুর ২ টার সময় আশারায়ে মোবাশ্বারা

মাদরাসায় জেলা সম্মেলন অনুষ্ঠিত হয়।
উক্ত জেলা সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামি ছাত্র আন্দোলন বাংলাদেশের অর্থ ও কল্যাণ বিষয়ক সম্পাদক হোসাইন ইবনে সোরোয়ার।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ইসলামি আন্দোলন বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার সাংগঠনিক সম্পাদক মাওঃ আরিফুল ইসলাম মেহেরপুরী। উক্ত সম্মেলনের সভাপতিত্ব করেন ২০২৩ সেশনের সাবেক সভাপতি ইমরান ইবনে খাদেম।

সম্মেলনের শেষ কেন্দ্রীয় মেহমান হোসাইন ইবনে সোরোয়ার বলেন, দিন দিন বাংলাদেশের কোনাই কোনাই ইসলামী ছাত্র আন্দোলন এর জনপ্রিয়তা বৃদ্ধি পাচ্ছে। ছাত্ররা বুঝতে পারছে ইসলামি ছাত্র আন্দোলন প্রতিটা ছাত্র দুনিয়া ও আখেরাতের জন্য কতটা গুরুত্বপূর্ণ। আলহামদুলিল্লাহ! সেই তাগিদে মেহেরপুর জেলার মেধাবী ছাত্ররাও সম্পৃক্ত হচ্ছে ইসলামি ছাত্র আন্দোলনের সাথে।

পরে ইমরান ইবনে খাদেম কে সভাপতি, আতিকুর রহমান কে সহ-সভাপতি ও ইব্রাহিম খলিল আবির কে সাধারণ সম্পাদক ঘোষণা করে মেহেরপুর জেলা নব্য গঠিত আহ্বায়ক কমিটি গঠন করেন। কমিটি গঠন শেষে দোয়ার মাধ্যমে সম্মেলন শেষ করেন।

মুজিবনগরে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন উপলক্ষে র্যালী ও আলোচনা সভা

“নারীর সম-অধিকার সম-সুযোগ এগিয়ে নিতে হোক বিনিয়োগ” এই প্রতিপাদ্যে মুজিবনগরে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার বিকেলে গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে এই শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আন্তর্জাতিক নারী দিবস পালন উপলক্ষে গুডনেইবারস মেহেরপুর সিডিপি এর প্রজেক্ট ম্যানেজার সুব্রত টুডু এর নেতৃত্বে একটি বর্ণাঢ্য র্যালি গুডনেইবারস অফিস প্রাঙ্গন থেকে বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিন শেষে অফিস প্রাঙ্গণে এসে শেষ হয়। পরে সেখানে নারী দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সিএমসি সদস্য শাবানা খাতুনের সঞ্চালনায় এবং গুডনেইবারস মেহেরপুর সিডিপির প্রজেক্ট ম্যানেজার সুব্রত টুডু এর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাগোয়ান ইউনিয়ন এর ৬ নম্বর ওয়ার্ড সদস্য ও সিডিপি এর সহ-সভাপতি বাবুল মল্লিক, সিনিয়র অফিসার প্রোগ্রাম রিফাত আল মাহমুদ, সিডিপি এর সদস্য তৃপ্তি কনা মন্ডল।

আলোচনা সভায় অতিথিবৃন্দ, নারীর ক্ষমতায়নে গুড নেইবারস বাংলাদেশে এর ভূমিকা। নারীর প্রতি সহিংসতা ও নির্যাতন প্রতিরোধে করনীয়।দিবসের প্রতিপাদ্য বিষয় নারীর সমঅধিকার, সমসুযোগ এগিয়ে নিতে হোক বিনিয়োগ)নারীর ক্ষমতায়নে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পদক্ষেপ সমূহের উপর আলোচনা করেন।

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখার জন্য গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি কর্তৃক মঞ্জু মল্লিক, রেহেনা খাতুন ও সন্ধ্যা মন্ডলকে সাহসিকা পুরস্কারে ভূষিত করা হয়।

মুজিবনগরে প্রি-ভলান্টিয়ার সেমিনার অনুষ্ঠিত

মুজিবনগরে গুডনেইবারস বাংলাদেশ-এর মেহেরপুর কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্টের এর আয়োজনে, প্রি- ভলান্টিয়ার(প্রাক স্বেচ্ছাসেবক) সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

গুড নেইবারস (Good Neighbors) বাংলাদেশ একটি আন্তর্জাতিক মানবিক সাহায্য ও উন্নয়নকারী সংস্থা যা জাতিসংঘ অর্থনৈতিক কাউন্সিলের

কনসালটেটিভ স্টেটাস্ যুক্ত। প্রতিষ্ঠানটি ১৯৯৬ সাল হতে বাংলাদেশের ১৩টি জেলায় দরিদ্র জনসাধারনের নানা ধরনের উন্নয়নমূলক কাজ করছে। গুড নেইবারস্ পরিচালিত “মেহেরপুর কমিউনিটি ডেভলপমেন্ট প্রোজেক্ট” ২০০৮ সাল থেকে নিবেদিত ভাবে এলাকায় শিশু অধিকার প্রতিষ্ঠায় তাদের শিক্ষা ও স্বাস্থ্য নিশ্চিতকরণ, গর্ভবর্তী মায়েদের স্বাস্থ্য সেবা, পরিবারের আয়বৃদ্ধিমূলক কাজ, নারী উন্নয়ন, যুব উন্নয়ন কার্যক্রম, জরুরী ত্রাণ সহায়তা ও পূনর্বাসন সহ বিভিন্ন ধরনের সচেতনতা মূলক কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে মুজিবনগর উপজেলায় সফলতার সাথে কাজ করে যাচ্ছে।গুডনেইবারস এর এ সমস্ত সামাজিক কর্মকাণ্ডে সহযোগিতা করে এক ঝাক তরুন ভলেন্টিয়ার। তাদের কর্মকান্ড এবং সমাজ উন্নয়নে ভলেন্টিয়ারদের অবদান নিয়ে অনুষ্ঠিত হয়েছে প্রি-ভলান্টিয়ার সেমিনার।

আজ বৃহস্পতিবার সকালে মুজিবনগরে গুডনেইবারস মেহেরপুর কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্টের আয়োজনে, প্রজেক্টের হল রুমে গুডনেইবারস প্রি-ভলান্টিয়ার সেমিনারে মেহেরপুর সিডিপি এর প্রজেক্ট ম্যানেজার সুব্রত টুডু এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, মুজিবনগর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিবউদ্দীন।

বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, সিডিপি এর সহসভাপতি ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নং ওয়ার্ড সদস্য এবং পেনেল চেয়ারম্যান- বাবুল মল্লিক, মেহেরপুর সিডিপির সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদ, সিডিপি সদস্য ও সাংবাদিক হাসান মোস্তাফিজুর রহমান।

প্রি-ভলান্টিয়ার সেমিনারে অতিথি বৃন্দ “কে স্বেচ্ছাসেবক এবং স্বেচ্ছাসেবকতা কি? শিশু অধিকার কি? বাল্য বিবাহ ও শিশুশ্রম কি? বাল্যবিবাহ ও শিশুশ্রম কিভাবে প্রতিরোধ করা যায়? PSEA/সেফগার্ডিং এবং প্রি-ম্যাচিউর ডেথের উপর বিস্তারিত আলোচনা করেন।

প্রি-ভলান্টিয়ার সেমিনারে ২৪ জন অংশগ্রহন করে।

মেহেরপুরে পিঠা প্রতিযোগিতা অনুষ্ঠিত

মেহেরপুরে লবী রহমান’স কুকিং ফাউন্ডেশনের উদ্যাগে পিঠা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার (১ মার্চ) সকাল ১১টার সময় জেলা শিল্পকলা একাডেমিকতে এই পিঠা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

পিঠা প্রতিযোগিতার আয়োজকরা সংক্ষিপ্ত আলোচনা সভা করেন। আলোচনা সভায় বক্তব্য রাখেন,লবী রহমান’স কুকিং ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক রোমানা রহমান।

তিনি বলেন, দেশব্যাপী গ্রামীণ সংস্কৃতি ও ঐতিহ্য ধরে রাখার জন্য আমাদের এই আয়োজন। আমরা পুরো দেশে এ ধরনের আয়োজন করছি। যাতে করে গ্রামীণ পিঠা-পুলির প্রচলন থাকে,পাশাপাশি নারীরা এর মাধ্যমে স্বাবলম্বী হতে পারে।

লবী রহমান’স কুকিং ফাউন্ডেশনের মেহেরপুর শাখার অর্থ বিষয়ক সম্পাদক নাসরিন নাজনীনের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য দেন, ফাউন্ডেশনের অর্থ বিষয়ক সম্পাদক পলিন ডি রোজারিও, কেন্দ্রীয় মহিলা আওয়ামী লীগের সদস্য ও মেহেরপুর জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান শামীম আরা হিরা, মেহেরপুর জেলা শাখার সভাপতি নয়না আফরোজ প্রমুখ।

এছাড়াও এসময় লবী রহমান’স কুকিং ফাউন্ডেশনের মেহেরপুর শাখার সাধারণ সম্পাদক হাবিবা পারভিন রনি, যুগ্ম সম্পাদক শিউলি আক্তার উপস্থিত ছিলেন।

প্রতিযোগিতায় ১৮ টি পিঠার স্টল অংশ গ্রহণ করে। এর মধ্যে প্রথম স্থান অধিকার করেছে মাহফুজা খাতুন, দ্বিতীয় হয়েছেন সুমি বিশ্বাস ও তৃতীয় হয়েছে আশরাফিয়া আশরাফ আশা।

অনুষ্ঠান শেষে বিজয়দের মাঝে পুরুষ্কার বিতরণ করা হয়। এছাড়াও বিজয়ীরা লবী রহমান’স কুকিং ফাউন্ডেশনের আয়োজনে ঢাকায় পুরো দেশব্যাপী প্রতিযোগিতায় অংশ গ্রহন করার সুযোগ পাবে।

[redacted]

[redacted]

প্রতিভাবান কিশোর ও যুবক প্রতিদিন স্বপ্নভূমি ফুটবল একাডেমির উদ্যোগে ফুটবল খেলছে এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ নিচ্ছে। যার সার্বিক তত্ত্বাবধান এবং নেতৃত্ব দিচ্ছেন একাডেমির প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান এম মিলন হাসান।

গাংনীতে দি হাঙ্গার প্রজেক্টের উদ্যোগে অভিজ্ঞতা ও শেয়ারিং সভা অনুষ্ঠিত

গাংনীতে দি হাঙ্গার প্রজেক্টের বিভিন্ন প্রকল্প ও কাজ সরেজমিনে দেখার জন্য পরিদর্শন ও অভিজ্ঞতা শেয়ারিং সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার সকাল ১১ টার সময় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা স্বেচ্ছাসেবক ফোরামের সাধারণ সম্পাদক এ এস এম আবু সায়েম পল্টুর সভাপতিত্বে উপস্থিত ছিলেন দি হাঙ্গার প্রজেক্টের গ্লোবাল প্রেসিডেন্ট টীম প্রিউইট, দি হাঙ্গার প্রজেক্টের কান্ট্রি ডিরেক্টর ড. বদিউল আলম মজুমদার, গ্লোবাল ফিনান্স এন্ড এডমিন জেথ্রো ক্লিবেউকার, ডেপুটি প্রোগ্রাম ডিরেক্টর ড. নাজমুন নাহার, গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহাা, গাংনী থানা অফিসার ইনচার্জ তাজুল ইসলাম, দি হাঙ্গার প্রজেক্টের যশোর রিজিওনের আঞ্চলিক সমন্বয়কারী খোরশেদ আলম, কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলম হোসাইন, ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুর রাজ্জাক, বামুন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল, নাগরিক কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হক সুজনের সাবেক জেলা সম্পাদক সৈয়দ জাকির হোসেন, নাগরিক কমিটির সাধারণ সম্পাদক ও পিএসজি গাংনীর কোর্ডিনেটর সাংবাদিক রফিকুল আলম বকুলসহ সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও দি হাঙ্গার প্রজেক্টের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

দি হাঙ্গার প্রজেক্টের সহযোগিতায় মাঠ পর্যায়ের কর্মীরা তাদের

বিভিন্ন সফলতা ও সামাজিক ভাল কাজের কথা তুলে ধরেন। স্বাস্থ্য, শিক্ষা স্যানিটেশন, বাল্য বিবাহ মুক্ত করা গর্ভবতী নারীর পুষ্টি ও স্বাস্থ্য সেবা, করোনাকালীন বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করেন গাংনীকে উন্নত গাংনী গড়ে তোলার জন্য ও সরকারের বিভিন্ন নীতি বাস্তবায়নে বেসরকারি অংশীদার হিসেবে দি হাঙ্গার প্রজেক্ট কাজ করে থাকে। দি হাঙ্গার প্রজেক্টের কর্মীরা নিজেরা কিভাবে স্বাবলম্বী হয়েছে ও মানুষকে স্বাবলম্বী করে গড়ে তুলেছে তা তুলে ধরা হয় শেয়ারিং সভায়। বিদেশি ডেলিগেটূদের পেয়ে কর্মীরা ছিল উচ্ছ্বসিত ও প্রানবন্ত। দি হাঙ্গার প্রজেক্টের গ্লোবাল প্রেসিডেন্ট টীম প্রিউইট দি হাঙ্গার প্রজেক্টের কর্মীদের সফলতার গল্প শুনে অভিভূত হয়েছেন। তিনি বিশ্বে তাদের সফলতার গল্প ছড়িয়ে দেয়ার প্রত্যয় ব্যক্ত করেন।

গাংনীতে শারীরিক প্রতিবন্ধী শিশুকে হুইলচেয়ার উপহার

মেহেররপুরের গাংনীর ঢেপা গ্রামে শারীরিক প্রতিবন্ধী শিশুর মাঝে হুইলচেয়ার বিতরণ করা হয়েছে।

আজ শনিবার সন্ধ্যায় স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান গোলাম আম্বিয়া গনপাঠাগার এর পক্ষ থেকে ঢেপা গ্রামের জিয়াউল হকের শারীরিক প্রতিবন্ধী শিশুকে একটি হুইল চেয়ার উপহার দেওয়া হয়েছে। সংগঠনটির প্রতিষ্ঠাতা সদস্য হামিদুল ইসলাম হিল্লোল প্রতিবন্ধী শিশুর বাড়িতে উপস্থিত হয়ে হুইল চেয়ারটি প্রদান করেন।

হুইল চেয়ার পাওয়া শারীরিক প্রতিবন্ধী শিশুর পিতা জিয়াউল হক জানান, কয়েক বছর ধরে আমার প্রতিবন্ধী শিশুটিকে নিয়ে খুব সমস্যার মধ্যে আছি। অনেক জায়গায় বলেও একটা হুইল চেয়ারের ব্যবস্থা হয়নি। আমাদের পাশের গ্রাম চিতলার গোলাম আম্বিয়া গণ পাঠাগার এর পক্ষ থেকে আজ উন্নত মানের একটা হুইল চেয়ার দেওয়া হয়েছে আমার ছেলেকে। আমরা পরিবারের পক্ষ থেকে অনেক দোয়া করি যারা আমাদের মতো গরিব মানুষকে সহযোগিতা করেছে।